

উপজেলা পরিষদ কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কাভালুকা/উপজেলা কমিটি/২০২২-

তারিখঃ ০৮/০১/২০২২ খ্রিঃ।

নোটিশ

ভালুকা উপজেলা পরিষদের বন ও পরিবেশ বিষয়ক উপজেলা কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ১৪/০১/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১২.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচি :

- ১। জ্বালানি হিসাবে কাঠের ব্যবহার কমিয়ে আনার জন্য পদক্ষেপ নেওয়া।
- ২। বিবিধ।









(মোঃ রফিকুল ইসলাম পিন্টু)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভালুকা, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
- ৪। চেয়ারম্যান.....ইউপি, ভালুকা, ময়মনসিংহ।
- ৫। অফিস কপি।

১৪/০১/২০২২ খ্রিঃ তারিখ বন ও পরিবেশ বিষয়ক উপজেলা কমিটির
সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষরশীট :

ক্রমিক নং	সদস্যদের নাম	পদবি	স্বাক্ষর
১.	জনাব মোঃ রফিকুল ইসলাম পিন্টু ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, ভালুকা।	আহবায়ক	
২.	জনাব সেলিনা আক্তার মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।	সদস্য	
৩.	চেয়ারম্যান ৭নং মল্লিকবাড়ী ইউনিয়ন পরিষদ ভালুকা, ময়মনসিংহ।	সদস্য	
৪.	চেয়ারম্যান ৮নং ডাকাতিয়া ইউনিয়ন পরিষদ ভালুকা, ময়মনসিংহ।	সদস্য	
৫.	চেয়ারম্যান ৯নং কাচিনা ইউনিয়ন পরিষদ ভালুকা, ময়মনসিংহ।	সদস্য	
৬.	সহকারী বন সংরক্ষক ভালুকা, ময়মনসিংহ।	সদস্য সচিব	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী বন সংরক্ষকের কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ।

পরিবেশ ও বন বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ রফিকুল ইসলাম পিন্টু, উপজেলা ভাইস চেয়ারম্যান, ভালুকা, ময়মনসিংহ।

সভার স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।

সভার তারিখ : ১৪/০১/২০২২ খ্রিঃ,

সময় : বিকাল ৩.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা সহকারী বন সংরক্ষক / ফরেস্টার / রেঞ্জার ভালুকা ও সদস্য সচিব কে ভালুকা উপজেলার পরিবেশ ও বন বিষয়ক উপজেলা কার্যক্রম নিম্নে তুলে ধরেন।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>সভাপতি জানান যে ইটের ভাটায় কাঠের ব্যবহার হ্রাস করা। পরিবেশের ভারসাম্য রক্ষায় আমাদের প্রচুর পরিমাণে বৃক্ষ লাগাতে হবে এবং বন উজার না করার জন্য বিভিন্ন সভা সেমিনারের আয়োজন করতে হবে। সরকারি বনাঞ্চল থেকে গাছ কর্তন, আহরণ ও নিলামে গাছ বিক্রয়ের দিন দিন পরিবেশের ভারসাম্য নষ্ট হচ্ছে। তিনি আরও জানান যে, পরিবেশের ভারসাম্য রক্ষা করার জন্য আমাদের জনগণকে সচেতন করতে হবে।</p> <p>ইটের ভাটায় কাঠের ব্যবহার হ্রাস করার জন্য জনগণকে উদ্বুদ্ধ করে এবং কর্মসূচি গ্রহণ করতে হবে এবং সকলকে এ বিষয়ে সচেতন করতে হবে।</p>	<p>পরিবেশ ভারসাম্য রক্ষা করার জন্য ইটের ভাটায় কাঠের ব্যবহার হ্রাস করার জন্য সকলকে একযোগে কাজ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রফিকুল ইসলাম পিন্টু)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, ভালুকা।

তারিখঃ ১৪/০১/২০২২

স্মারক নং-বন/ভালুকা/২০২২-

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
- ৬। চেয়ারম্যান.....ইউপি, ভালুকা, ময়মনসিংহ।

সহকারী বন সংরক্ষক/ফরেস্টার/রেঞ্জার
ভালুকা, ময়মনসিংহ।